SOS CHILDREN'S VILLAGES BANGLADESH

A loving home for every child

# এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

## ২০২৬ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তির জন্য কোটা সংক্রান্ত কাগজপত্র জমা ও ভর্তির ফরম সংগ্রহ সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৬ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তির জন্য ডিজিটাল লটারির মাধ্যমে প্রাথমিক ভাবে নির্বাচিত শিক্ষার্থীসহ অভিভাবকবৃন্দকে আগামী ০৭.১২.২০২৫ (রবিবার) ও ০৮.১২. ২০২৫ (সোমবার) তারিখে সকাল ১০ টা থেকে দুপুর ১ টার মধ্যে অনলাইনে পূরণকৃত আবেদন পত্র, শিক্ষার্থীর মূল জন্ম নিবন্ধন সনদ, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও কোটা সংশ্লিষ্ট মূল কাগজপত্র প্রদর্শন পূর্বক ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ কলেজ অফিস থেকে ভর্তি ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। কোন নির্বাচিত প্রার্থী ভর্তির জন্য চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র সমূহ প্রদর্শন করতে না পারলে উক্ত শিক্ষার্থী ভর্তির জন্য বিবেচিত হবে না। নির্ধারিত সময়ের পর ভর্তি ফরম দেয়া হবে না ।

১০.১২.২৫ (বুধবার) ও ১১.১২.২৫ (বৃহস্পতিবার) তারিখে নির্ধারিত ফি সমূহ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (UCBL) এর মিরপুর শাখায়, বাড়ি নং-০১, রোড-০৪, ব্লক-এ, সেকশন -৬ (মেইন রোড অরিজিনাল-১০) এ জমা দিয়ে কলেজ অফিসে টাকা জমা করার রশিদ এর ফটোকপি ও নিম্নোক্ত কাগজপত্র সহ ১১.১২.২০২৫ (বৃহস্পতিবার) তারিখে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় ভর্তির সুযোগ বাতিল হবে।

সকল কোটায় ভর্তির জন্য শিক্ষার্থীর নিম্নলিখিত কাগজপত্র ভর্তির ফরমের সাথে জমা দিতে হবে ঃ

(১) জন্ম নিবন্ধন সনদের (অনলাইনে প্রদত্ত) কপি।

(২) পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের কপি।

(৩) ব্যাংকে টাকা জমা করার রশিদ এর কলেজের অংশ।

(৪) কোটায় আবেদনকারী শিক্ষার্থীর জন্য নিম্নলিখিত কোটা সংশ্লিষ্ট কাগজপত্র জমা দিতে হবে ঃ

* CQ এর জন্য সিটি করপোরেশনের হোল্ডিং ট্যাক্স এর সত্যায়িত কপি অথবা বাড়ির বিদ্যুৎ/পানি/ টেলিফোন বিল এর সত্যায়িত কপি।

* FQ এর জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত অনলাইন কপি সহ সনদপত্রের সত্যায়িত কপি।

* EQ এর জন্য শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের প্রত্যয়নপত্র।

* SQ এর জন্য সহোদর/সহোদরা এর ক্ষেত্রে শিক্ষার্থীর প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি।

* GQ এর জন্য শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের (অনলাইনে প্রদত্ত) সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের কপি।

* PQ এর জন্য অভিভাবকের আর্থিক অস্বচ্ছলতার স্বপক্ষে প্রয়োজনীয় সনদপত্র ঃ

i) অভিভাবক চাকুরীজীবি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বেতনের বিবরণী।

ii) অভিভাবক অন্য কোন পেশার হলে আর্থিক অস্বচ্ছলতার স্বপক্ষে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিল অফিস থেকে প্রত্যয়ন পত্র।

অধ্যক্ষ
এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

তারিখ ঃ ঢাকা, ০১ ডিসেম্বর ২০২৫